


স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.১৬.০৩৪৬.১২.৩৪০৫

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: মাঠ পর্যায়ে অ্যানথ্রাক্স এর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে খামারীদের নিকট সতর্কতামূলক বার্তা পৌছানোসহ অন্যান্য জনসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর এবং রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) এর রোগ নজরদারি কার্যক্রম হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে দেখা যায় যে, সাম্প্রতিক সময়ে বাংলাদেশের বিভিন্ন জেলায় গবাদিপশু ও মানুষ অ্যানথ্রাক্স রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি বিদ্যমান রয়েছে। বাংলাদেশে বিগত বছরগুলোতে বিভিন্ন সময়ে গবাদিপশুর আক্রান্ত ও মৃত্যু এবং মানুষের মধ্যে ত্বক ও চোখে কিউটেনিয়াস ফর্মে অ্যানথ্রাক্স সংক্রমণ সনাক্ত করা হয়েছে। এ ছাড়া ঈদ-উল-আযহার পূর্বে গবাদিপশুর চলাচল অনেক বেড়ে যায়, যার ফলে এ রোগের সংক্রমণ এর ঝুঁকি বাড়ার সম্ভাবনা থাকে।

সে মোতাবেক গবাদিপশু ও মানুষের স্বাস্থ্য সুরক্ষায় নির্দেশিকা ও স্বাস্থ্যবিধি অনুশীলনের অনুরোধ জানানো যাচ্ছে। গবাদিপশুতে অ্যানথ্রাক্স ভ্যাকসিন প্রদান ও প্রাণিসম্পদ অধিদপ্তরের চলমান প্রশিক্ষণ বা উঠান বৈঠক এর মাধ্যমে গবাদিপশু লালন-পালনকারী খামারীদের মধ্যে এ সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম হাতে নেয়ার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।



০৮-০৪-২০২৬
ড. মোঃ আবু সুফিয়ান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল), জেলা প্রাণিসম্পদ দপ্তর,

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১১.১৬.০৩৪৬.১২.৩৪০৫/১(৪)

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/ ময়মনসিংহ/ চট্টগ্রাম/ সিলেট/ রাজশাহী/ খুলনা/বরিশাল/ রংপুর।
- ২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (লীড, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ), ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর। প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং
- ৪। Dr Paul Daru, Project Director, EpiC Bangladesh & Country Representative, FHI 360, Bangladesh- জনসচেতনতামূলক সামগ্রী প্রস্তুতকরণ ও আপনার প্রকল্প এলাকায় বিতরণ ও সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদনের অনুরোধসহ।



এক এ প্রদর্শন

০৮-০৪-২০২৬

ড. মোঃ আবু সুফিয়ান
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)